দৈনিক বাংলা

তারিখ ... 18 SEP 1996 ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible] ...

# বিভিন্ন সংগঠন ও দলের শিক্ষা দিবস পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ একটি বাস্তবসম্মত বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপের মধ্য দিয়ে মঙ্গলবার মহান শিক্ষাদিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে ছাত্রলীগ (শা-পা), ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্র-ফ্রন্ট, জাতীয় ছাত্রদল, কেন্দ্রীয় খেলাঘর আসর, জাতীয় ছাত্রসমাজসহ বিভিন্ন ছাত্র সংগঠন আলোচনা সভা, বিক্ষোভ মিছিল, সমাবেশের আয়োজন করে।

ছাত্রলীগ (শা-পা) দিবসটি উপলক্ষে মঙ্গলবার বিকালে টিএসসিতে এক আলোচনা সভার আয়োজন করে। আলোচনা সভায় ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী এ এইচ এস কে সাদেক।

তিনি দেশের প্রতিটি আন্দোলন সংগ্রামে ছাত্রসমাজের অবদানের কথা স্মরণ করে বলেন, সন্ত্রাস ও নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রধানমন্ত্রী ঘোষিত কর্মসূচী বাস্তবায়নে ছাত্রসমাজকে ভূমিকা রাখতে হবে।

মন্ত্রী বলেন, একটি বাস্তবসম্মত বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে ডঃ কুদরাত-ই খুদা শিক্ষা কমিশন রিপোর্টের আলোকে অচিরেই একটি সর্বজনীন শিক্ষানীতি প্রণয়ন করা হবে। আলোচনা সভা ছাত্রলীগ সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না পরিচালনা করেন। আরও বক্তৃতা করেন আ. খ. ম. জাহাঙ্গীর এমপি, আওয়ামী লীগ উপদেষ্টা মন্ডলীর সদস্য প্রফেসর এ জে আজাদ চৌধুরী, ডাকসুর সাবেক ভিপি আক্তারুজ্জামান এমপি, ডঃ দুর্গাদাস ভট্টাচার্য, সুজিত রায় নন্দী প্রমূখ। এর আগে সকালে ছাত্রলীগ (শা-পা) শিক্ষাদিবস উপলক্ষে মধুর ক্যান্টিনের সামনে এক সমাবেশ করে।

## ছাত্রদল

ছাত্রদল মহান শিক্ষাদিবস উপলক্ষে মঙ্গলবার ডাকসু ভবনের সামনে এক ছাত্র সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি আবদুল খালেক, সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, যুগ্ম সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন রানা, এ বি এম মোশাররফ হোসেন, মনির হোসেন, মোজাফফর হোসেন জাকির, এম এ হারিছ বাবু ও নসরুল্লাহ খান জোনায়েদ প্রমুখ।

সমাবেশে তারা সরকারের সমালোচনা করে বলেন, সরকার ক্ষমতাসীন হবার পর পরিকল্পিতভাবে সারাদেশের শিক্ষা প্রতিষ্টানগুলো দখলের নামে অরাজকতা কায়েম করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করছে। তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সরকারের মদদপুষ্ট সন্ত্রাসীরা একের পর এক সন্ত্রাস করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করছে। নেতৃবৃন্দ এই চক্রকে প্রতিহত করার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানান।

## ছাত্র ইউনিয়ন

মহান শিক্ষাদিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের এক সমাবেশে বক্তারা সংগঠনের প্রস্তাবনার আলোকে একটি গণমুখী বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি প্রণয়নের দাবী জানিয়েছেন।

জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত এই ছাত্র সমাবেশে বক্তৃতা করেন ছাত্র ইউনিয়ন সভাপতি আসলাম খান, হাসান হাফিজুর রহমান সোহেল, অহমিদুজ্জামান, রুস্তম আলী খোকন, শহীদুল ইসলাম রিপন, সৈকত শুভ্র আইচ মনন প্রমুখ।

## ছাত্রফ্রন্ট

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের শিক্ষাদিবস উপলক্ষে মঙ্গলবার অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রফ্রন্টের এই ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে মোঃ নুরুল ইসলাম, সাইদুর রহমান তপন, জুলফিকার আলী, আশানুর রহমান খোকা প্রমুখ বক্তৃতা করেন।

## ছাত্রসমাজ

জাতীয় ছাত্রসমাজ শিক্ষাদিবস পালন উপলক্ষে ক্যাম্পাসে এক ছাত্র সমাবেশ ও আগে একটি জঙ্গী মিছিল বের করে। ক্যাম্পাসে ছাত্রসমাজের মিছিলের সময় গণতন্ত্রমনা ছাত্র সংগঠনের নেতা কর্মীদের মাঝে প্রতিক্রিয়া দেখা যায়।

ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসু ক্যাফেটেরিয়ার সামনে ছাত্রসমাজের আলমগীর সিকদার লোটন, নির্মল দাসসহ অন্যান্যরা বক্তৃতা করেন।